

শিক্ষকদের অংশগ্রহণে বিতর্ক প্রতিযোগিতা

■ বিশেষ প্রতিনিধি

তথু শিক্ষার্থী নয়, শিক্ষকদেরও মান উন্নয়নে রাষ্ট্রকে মনোযোগী হতে হবে। তাই মানুষ গড়ার কারিগর শিক্ষকদের মান উন্নয়নে রাষ্ট্রকে অবশ্যই দায়িত্বশীল ভূমিকা পালন করা উচিত। শিক্ষা ব্যবস্থা ব্যর্থ হলে রাষ্ট্রও ব্যর্থ হবে। এই ব্যর্থতার ফতি, সমগ্র জাতিতে বহন করতে হবে। শনিবার-দুপুরে ত্র্যাক আয়োজিত বিতর্ক বিকাশ-এর ঢাকা বিভাগীয় শিক্ষক বিতর্ক প্রতিযোগিতার ফাইনাল অনুষ্ঠানে প্রধান বক্তা হিসেবে ডিবেট কর ডে'মোক্রেসির চেয়ারম্যান হাসান আহমেদ তৌখুরী কিরণ এ কথা বলেন।

যুক্তির আলোয় খুঁজি মানুষের মুক্তি এই স্লোগানে গাজীপুরের বীজ প্রত্যয়ন এজেন্সি অডিটোরিয়ামে এই বিতর্ক প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়। এতে অতিথির বক্তব্য রাখেন গাজীপুর অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব) সেকার্টিন রেয়া, জেলা শিক্ষা অফিসার রেবেকা মুলতানা, ত্র্যাকের সেক্টর স্পেশালিস্ট মোঃ হাফিজুল ইসলাম, জেলা প্রতিনিধি প্রণব কুমার রায় প্রমুখ।

প্রতিযোগিতায় বঙ্গ যোগিনী উচ্চ বিদ্যালয়- মুন্সিগঞ্জ, রূপগঞ্জ আদর্শ উচ্চ বিদ্যালয়- নারায়ণগঞ্জ, শিবপুর বড়িয়া উচ্চ বিদ্যালয়- নরসিংদী, কালিয়াকৈর আজল আলী উচ্চ বিদ্যালয়- গাজীপুর ও শিবালয় শাকরাইল উচ্চ বিদ্যালয়- মানিকগঞ্জ-এর শিক্ষকরা অংশগ্রহণ করেন।